

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ১৫

আষাঢ় ২১, ১৪২৭  
তারিখ:-----  
জুলাই ০৫, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

২০২০ সালের আসন্ন ঈদুল আজহা উৎসবে কোরবানিকৃত  
পশুর কাঁচা চামড়া ক্রয়ের জন্য চামড়া ব্যবসায়ীদের ঋণ/বিনিয়োগ পুনঃতফসিল প্রসঙ্গে।

চামড়া শিল্প দেশীয় কাঁচামাল ভিত্তিক গুণনিমুখী শিল্প। জাতীয় প্রবৃদ্ধি, কর্মসংস্থান, বৈদেশিক মুদ্রা আয় এবং মূল্য সংযোজনের নিরিখে এটি একটি সম্ভাবনাময় খাত। চামড়া শিল্পে সারা বছর ধরে ব্যবহৃত কাঁচামালের প্রায় অর্ধেক যোগান আসে প্রতিবছর পবিত্র ঈদুল আজহা উৎসবে কোরবানিকৃত পশুর চামড়া থেকে। এ সময় কাঁচা চামড়া ব্যবসায়ীদের নিকট প্রয়োজনীয় অর্থের যোগান নিশ্চিত করা সম্ভব হলে একদিকে মূল্যবান কাঁচামাল সংরক্ষণ করা সম্ভব হবে, অন্যদিকে কোরবানিকৃত পশুর চামড়া বিক্রির মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠী আর্থিকভাবে উপকৃত হবে।

০২। প্রসঙ্গত উল্লেখ্য, বিবিধ কারণে চামড়া খাতে বিদ্যমান ঋণ/বিনিয়োগ নিয়মিতভাবে পরিশোধিত না হওয়ায় কিছু কিছু ঋণ/বিনিয়োগ বিরূপমানে শ্রেণীকৃত হয়ে পড়ছে। ফলে এ খাতে স্বাভাবিক ঋণ/বিনিয়োগ প্রবাহ বজায় রাখা অনেক ক্ষেত্রে সম্ভব হচ্ছে না। বর্ণিত পরিস্থিতিতে, আসন্ন ঈদুল আজহা উৎসবে কোরবানিকৃত পশুর চামড়া ক্রয়-বিক্রয় ও সংরক্ষণ কার্যক্রম সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে সম্পাদনের লক্ষ্য সামনে রেখে কাঁচা চামড়া ক্রয়ের জন্য প্রকৃত চামড়া ব্যবসায়ীদের নিকট অর্থ প্রবাহ সচল রাখার উদ্দেশ্যে তাদের অনিয়মিত ঋণ/বিনিয়োগ পুনঃতফসিলের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে :

(ক) ৩০ জুন, ২০২০ তারিখ ভিত্তিক ঋণ/বিনিয়োগ স্থিতির ন্যূনতম ২% ডাউন পেমেন্ট নগদে আদায় সাপেক্ষে পুনঃতফসিল করার বিষয়ে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ব্যাংকসমূহ নিজেরাই সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে। এক্ষেত্রে ইতোপূর্বে সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ হিসাবে আদায়কৃত কিস্তি ডাউন পেমেন্ট হিসেবে গণ্য হবে না।

(খ) ঋণ/বিনিয়োগ গ্রহীতাদের নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে ঋণ/বিনিয়োগ হিসাব শ্রেণীকৃত হয়ে থাকলে এবং ব্যবসা প্রতিষ্ঠান সচল/চলমান থাকলে এ সার্কুলার এর আওতায় পুনঃতফসিল সুবিধা প্রদান করা যাবে।

(গ) কেইস-টু-কেইস ভিত্তিতে ১(এক) বছরের গ্রেস পিরিয়ডসহ তলবী ও চলমান ঋণ/বিনিয়োগ সর্বোচ্চ ৬(ছয়) বছর মেয়াদে এবং মেয়াদী ঋণ/বিনিয়োগ সর্বোচ্চ ৮(আট) বছর মেয়াদে পুনঃতফসিল করা যাবে।

(ঘ) কোরবানিকৃত পশুর কাঁচা চামড়া ক্রয়ের উদ্দেশ্যে নতুন ঋণ/বিনিয়োগ বিতরণের ক্ষেত্রে কম্প্রাইজড এমাউন্ট গ্রহণের শর্ত শিথিল করা যাবে।

(ঙ) ৩০ জুলাই, ২০২০ তারিখের মধ্যে স্ব-স্ব ব্যাংকের নিকট এ সার্কুলারের আওতায় ঋণ/বিনিয়োগ গ্রহীতাগণকে তাদের ঋণ/বিনিয়োগ পুনঃতফসিলের জন্য আবেদন করতে হবে।

০৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

০৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)  
মহাব্যবস্থাপক  
ফোনঃ ৯৫৩০২৫২